সোদ ও রোজের পলুর উপর একদিন অন্তর লেবেক্স অথবা সেরিসিলিন ছড়িয়ে দিতে হবে। কোন রোগ দেখা দিলে প্রতিদিন লেবেক্স অথবা সেরিসিলিন ব্যবহার করতে হবে। প্রতি ১০০ডিমে ৪ কেজি লেবেক্স অথবা সেরিসিলিন প্রয়োজন।

| কলপ | মালটি x বাই | | বাই x বাই | |
|---|---|---|---|---|
| | পাতার পরিমাপ (কেজি) | বেডের মাপ (বর্গফুট) | পাতার পরিমাপ (কেজি) | বেডের মাপ (বর্গফুট) |
| সোদ | ১১০ | ১০০-২০০ | ১৭০ | ১৪০-২৭০ |
| রোজ | ৬২৫ | ২০০-৪০০ | ৯৪০ | ২৭০-৫৪০ |

লেবেক্স অথবা সেরিসিলিন ব্যবহার করলে প্রতি ১০০ ডিমে ৪-৫ কেজি ফলন বেশি পাওয়া যায়। চন্দ্রাকীতে পলু দেওয়ার সময় পলু ঘন করে দেবেন না। ৬'x ৪' মাপের চন্দ্রাকী-তে মাল্টি x বাই জাতের ১২০০ এবং বাই x বাই জাতের পলু ৯৫০-১০০০ দিলে উন্নতমানের গুটি পাওয়া যায়। আলো বাতাস যুক্ত জায়গায় চন্দ্রাকী রাখতে হবে, সরাসরি রৌদ্রে কখনই চন্দ্রাকী রাখা যাবেনা। ২৪-২৫° সেন্টিগ্রেড তাপমাত্রা ও ৬৫-৭০% আপেক্ষিক আদ্রতা ভালো গুটি করার জন্য আদর্শ। গুটি গুলি বাজার জাত করার আগে ভালো গুটি গুলি বেঝে আলাদা করলে গুটির ভালো দাম পাওয়া যায়।





প্রকাশক ঃ
ডঃ কণিকা ত্রিবেদী
অধিকর্তা
কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড ঃ ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ
দূরাভাষ ঃ (03482) 251046 / 253962 / 63 / 64 ফ্যাক্স ঃ +91 3482 251233
ইমেল ঃ csrtiber.csb@nic.in / csrtiber.@gmail.com

**Publication committee :** Dr. S. Roy Chaudhuri, Dr. S. Chattopadhyay, Mr. D. Das and Mr. T. K. Maitra

**Leaflet No. 30** **© CSR&TI, Berhampore** **February 2016**

Printed by : u_nimage@yahoo.com

# পলুপালনের সঠিক পদ্ধতি

জয়ীতা সরকার



কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রালয়, ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গে পলু পালন আবহাওয়া নির্ভর। সেই জন্য কিছু সতর্কতা অবশ্যই নেওয়া উচিৎ। গ্রীষ্মকালে প্রয়োজনের তুলনায় অধিক তাপমাত্রা এবং কম আপেক্ষিক আর্দ্রতা এবং শীতকালে কম তাপমাত্রা ও কম আপেক্ষিক আর্দ্রতাপলু পালনের ক্ষেত্রে কিছু বাধা সৃষ্টি করে। এই বাধাগুলি কে অতিক্রম করলে সফলভাবে পলু পালন করা যায়।



**ঘর শোধন ঃ** সফল পলুপালনের প্রথম পদক্ষেপ অবশ্যই ঘর শোধন। পলু পালনের আগে এবং পরে পলু ঘর ও পলু পালনের সরঞ্জাম গুলি ৫% ব্লীচিং দ্রবণ ব্যবহার করে শোধন করতে হবে। প্রতি লিটার জলে ৫০ গ্রাম ব্লীচিং পাউডার মেশালে ৫% দ্রবণ পাওয়া যায়। প্রতি বর্গ মিটারে ১ ১/২ লি. দ্রবণ প্রয়োজন। প্রতিটি বসনি যদি একসঙ্গে ঘর শোধন করে তবে সুফল পাওয়া যায়। এক বসনির ঘরের রোগজীবাণু অন্যের ঘরে সংক্রমিত হতে পারে না।

**ডিম পরিবহন ঃ** সরকারী বীজাগার থেকে ডিম সংগ্রহ করলে সব থেকে ভাল হয়। ডিম সংগ্রহ এবং পরিবহনের আদর্শ সময় অবশ্যই খুব সকালে অথবা বিকালে ডিমগুলি এনে প্রথমেই




ডালায় মোম কাগজ পেতে, ভেজা ফোমপ্যাড দিয়ে ঢেকে দিতে হবে। ডিমগুলি যদি হলুদ অবস্থায় থাকে তাহলে ডিমগুলির রঙ পরিবর্তন হলে এবং চোখের মত কালো বিন্দু দেখা দিলে কালো কাপড় দিয়ে ঢেকে দিতে হবে। ৪৮ ঘন্টা পরে কালো কাপড়টি সরিয়ে দিলে দেখা যাবে ডিমগুলির রঙ পরিবর্তন হয়ে নীল হয়ে গেছে। এই অবস্থায় আলোয় রাখলে ৯৫% ডিম মুখিয়ে যাবে তখন ছোট ফাঁসের দুটি জাল (নেট) মুখানো ডিম গুলির উপরে দিয়ে পাতা দিতে হবে। খুব ছোট (০.৫ সেমি) করে পাতা কেটে উপরের জালটির উপর ছড়িয়ে দিলে সব পলু পাতার উপর উঠে গেলে উপরের জালটি অপর একটি ট্রেতে মোম কাগজের উপর রেখে দিতে হবে এবং ভেজা ফোমপ্যাড দিয়ে উপরে আরও একটি মোমকাগজ দিয়ে ঢেকে দিতে হবে।

**চাকীপলু পালন ঃ** প্রথম ও দ্বিতীয় দশার পলু পালনের জন্য বিশেষ সতর্কতার প্রয়োজন। প্রয়োজনীয় তাপমাত্রা ২৬-২৭° সেন্টিগ্রেড এবং আপেক্ষিক আর্দ্রতা ৮৫-৯০% রাখা দরকার। শীতকালে পলুঘরের তাপমাত্রা বাড়ানোর জন্য হিটার ব্যবহার করা জরুরী। গ্রীষ্মকালে তাপমাত্রা কমানোর জন্য দরজা, জানালায় ভেজা চট দিতে হবে। চাকী পলু পালনের জন্য ০.৫ সেমি মাপের পাতা কাটতে হবে। মেটে কলপে একবার ও দোকলপে দুবার নেটের সাহায্যে কাসার করতে



হবে। প্রতিবার রহা থেকে উঠলে ল্যাবেক্স ব্যবহার করতে হবে। রহার সময় পলুর উপর চুন দিতে হবে। রহায় বসার আগে পলুর বিছানাটি একটু বড় করে দিতে হবে, যার ফলে বিছানাটি শুকিয়ে যায় ও রোগ জীবাণুর সংক্রমণ কম হয়। সমবায় পদ্ধতিতে ১০-১২ জনের একটি দল করে চাকী করলে সময় ও পরিশ্রম দুইই বাঁচে ও পাতারও সাশ্রয় হয়। দোকলপের রহা থেকে ওঠার



পর অথবা একবার/দুইবার পাতা দেবার পর চাকীপলু বসনীদের বিতরণ করা দরকার। আর্দ্রতা খুব বেশি থাকলে কখনই ফোমপ্যাড ও মোমকাগজ ব্যবহার করবেন না। আর্দ্রতা কম থাকলে হিউমিডিফায়ার ব্যবহার করলে পলু ঘরের আর্দ্রতা বাড়বে। চাকী পলুকে দিনে চারবার পাতা দেওয়া উচিৎ। তেকলপ অবধি পলুকে সরস ও সতেজ পাতা খাওয়ানো দরকার।

| কলপ | মালটি × বাই | | | বাই × বাই | | |
|---|---|---|---|---|---|---|
| | পাতার মাপ | পাতার পরিমান (কেজি) | বিছানার পরিসর | পাতার মাপ | পাতার পরিমান (কেজি) | বিছানার পরিসর (বঃফুট) |
| মেটে কলপ | ০.৫-২.০ সেমি | ৩.০ | ৬-১৮ | ০.৫-২.০ সেমি | ৫.০ | ৮-২১ |
| দো কলপ | ২-৪ সেমি | ১২.০ | ১৮-৫৪ | ২-৪ সেমি | ১৫.০ | ২১-৬৫ |
| তে কলপ | ৪-গোটা পাতা | ৫০.০ | ৫৪-১০০ | ৪-গোটা পাতা | ৭০.০ | ৬৫-১৪০ |
| মোট | | ৬৫ কেজি | | | ৯০ কেজি | |

চাকী পলু পালনের জন্য একটি আলাদা চাকীবাগান রাখা দরকার যাতে সেচ ও সার অধিক পরিমাণে প্রয়োগ করা জরুরী। পলুঘরে ঢোকার আগে হাত ভাল করে ধুয়ে নিতে হবে ও পাপোষে পা মুছে নেওয়া দরকার। হাত দিয়ে পলুকে নাড়াচাড়া করা উচিৎ নয়। পলুর বর্জ্যপদার্থ পলু ঘরে কখনই ফেলা উচিত নয়। পলু ঘর সর্বদা শুকনো রাখা উচিৎ।

**পরিণত পলুপালন ঃ** পরিণত সোদকলপের মাল্টি x বাই জাতের পলুর জন্য ৬' x ৪' মাপের ১০টি ডালার প্রয়োজন।

রোজের পলুর জন্যে ১৮-২০টি ডালার প্রয়োজন। বাই x বাই জাতের পলুর জন্য রোজে ৬' x ৪' মাপের ২৪টি ডালার প্রয়োজন। ডালাগুলির মধ্যে কমপক্ষে ৯" ফাঁক রাখতে হবে।

রোজের ও সোদের পলু কে দিনে তিনবার পাতা দিতে হবে। প্রতিদিন কাসার করতে হবে। ঘরের প্রয়োজনীয় তাপমাত্রা (২৪-২৫° সেন্টিগ্রেড) ও আপেক্ষিক আদ্রতা (৭৫-৮০%) রাখতে হবে। ডালা প্রতি পলুর ঘনত্ব খুব বেশি না রাখাই উচিৎ। তা হলে রোগ প্রতিরোধ করা যায় এবং উন্নত মানের গুটি পাওয়া যায়। সোদ ও রোজের পলুকে ৪৫-৫০ দিন বয়সের পাতা খাওয়ানো উচিৎ।